# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

**প্রধান কার্যালয়**

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

স্মারক নং- পসব্য/প্রকা/পরি-৫৭/২০২৩-২০২৪/১০১২ তারিখঃ ১৩/০৬/২০২৪ খ্রি.

## সভার নোটিশ

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ এর অনুচ্ছেদ নং ১.২ অনুযায়ী পল্লী সঞ্চয় ব্যাংকের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ ও বাস্তবায়নের নিমিত্ত ব্যাংকের স্টেকহোল্ডারগণের সমন্বয়ে এক সভা জনাব মো: আলা উদ্দিন, মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে আগামী ২৩/০৬/২০২৪ তারিখ রবিবার সকাল ১১:০০ ঘটিকায় প্রধান কার্যালয়ে অনলাইনে জুমের মাধ্যমে ভার্চুয়ালি অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় প্রধান কার্যালয় এবং বাগমারা শাখা, রাজশাহী; গোবিন্দগঞ্জ শাখা, গাইবান্ধা; উলিপুর শাখা, কুড়িগ্রাম; বালাগঞ্জ শাখা, সিলেট; কালীগঞ্জ শাখা, সাতক্ষীরা এর সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী এবং সমিতির ২/৩ জন করে সদস্যসহ যথাসময়ে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচিঃ

১) ব্যাংকের গ্রাহকদেরকে সহজে সেবা প্রদানের লক্ষ্যে সিটিজেনস্ চার্টার এর গুরুত্ব ও তাৎপর্য আলোকপাতকরণ;
২) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণদের অবহিতকরণ;
৩) বিবিধ

জুম মিটিংয়ের আইডি ও পাসওয়ার্ড নিম্নে দেওয়া হলো:
Meeting ID: 860 0476 2840
Passcode: 123456

অনুমোদনক্রমে,

13/06/2024
(মোঃ সাজ্জাদ হোসেইন তামিম)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও
বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন কমিটি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২) স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩) স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকগণের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪) বিভাগীয় প্রধান, আইসিটি সিস্টেম/ আইসিটি অপারেশন বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫) জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, রাজশাহী, গাইবান্ধা, কুড়িগ্রাম, সিলেট, সাতক্ষীরা।
৬) শাখা ব্যবস্থাপক, বাগমারা শাখা-রাজশাহী, গোবিন্দগঞ্জ শাখা-গাইবান্ধা, উলিপুর শাখা-কুড়িগ্রাম, বালাগঞ্জ শাখা-সিলেট, কালীগঞ্জ শাখা-সাতক্ষীরা।
৭) অফিস নথি।

১৩/০৬/২০২৪
(জেরিন কাওসার)
সিনিয়র অফিসার ও
সদস্য সচিব
সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন কমিটি

**পল্লী সঞ্চয় ব্যাংক**

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

**প্রধান কার্যালয়**

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

**পল্লী সঞ্চয় ব্যাংকের ২০২৩-২০২৪ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ ও বাস্তবায়নের নিমিত্ত স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন,২০২৪) এর সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: আলা উদ্দিন, মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), পল্লী সঞ্চয় ব্যাংক। |
| সভার তারিখ | : ২৩/০৬/২০২৪ খ্রি., রোজ- রবিবার। |
| সময় | : সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : ব্যাংকের প্রধান কার্যালয়ের বোর্ড রুম, ইস্কাটন গার্ডেন, ঢাকা। |

(**সভার উপস্থিতি:** অনলাইনে জুমের মাধ্যমে অনুষ্ঠিত সভার স্ক্রিনশট, পরিশিষ্ট-'ক')

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে সভায় উপস্থিত এবং ভার্চুয়ালি সংযুক্ত সবাইকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত প্রধান কার্যালয় এবং বাগমারা শাখা, রাজশাহী; গোবিন্দগঞ্জ শাখা, গাইবান্ধা; উলিপুর শাখা, কুড়িগ্রাম; বালাগঞ্জ শাখা, সিলেট; কালীগঞ্জ শাখা, সাতক্ষীরা এর সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী এবং সমিতির ২/৩ জন সদস্যগণের সাথে বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা-পর্যালোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১) সেবার মানোন্নয়নের মাধ্যমে প্রান্তিক গ্রাহককে ব্যাংকমুখী করতে হবে;

২) সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী গ্রাহক সেবা প্রদান/ যথাযথভাবে ব্যাংকিং কার্যাবলি সম্পাদন হচ্ছে কী না সে বিষয়ে নিয়মিত স্টেকহোল্ডারগণের সাথে মতবিনিময় করতে হবে।

৩) গ্রাহক ঋণের সার্ভিস চার্জের হার হ্রাস ও ঋণের সিলিং বৃদ্ধির আবেদন জানালে সভাপতি মহোদয় জানান বর্তমানে ২.৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণ গ্রহনের সুযোগ রয়েছে যা পরবর্তীতে বৃদ্ধির কার্যক্রম চালানো হচ্ছে।

৪) ডিজিটাল হাজিরা এর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। কোন মাঠ সহকারীর পক্ষে প্রতিদিন শাখায় উপস্থিত হওয়া সম্ভব না হলে পূর্বেই প্রধান কার্যালয়ের অনুমোদন নিতে হবে। যা মাসিক মিটিং এর মাধ্যমে নিশ্চয়তা প্রদান করতে হবে।

২৪/০৬/২০২৪

(মো: আলা উদ্দিন)
মহাব্যবস্থাপক
সভাপতি ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা

স্মারক নং- পসব্য/প্রকা/পরি-৫৭/২০২৩-২০২৪/১০১৮

তারিখ: ২৪/০৬/২০২৪ খ্রি

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকগণের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির সদস্যবৃন্দ।
৫। শাখা ব্যবস্থাপক (সংশ্লিষ্ট শাখা), পল্লী সঞ্চয় ব্যাংক।
৬। অফিস নথি।

২৪/০৬/২০২৪

(মোঃ সাজ্জাদ হোসেইন তামিম)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও
বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন কমিটি

পরিশিষ্ট-'ক'

পল্লী সঞ্চয় ব্যাংকের ২০২৩-২০২৪ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ ও বাস্তবায়নের নিমিত্ত স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২৩/০৬/২০২৪ তারিখ রোজ- রবিবার সকাল ১১.০০ ঘটিকায় অনলাইনে জুমের মাধ্যমে অনুষ্ঠিত ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২৪) সভার স্ক্রীন শট:




